15 মার্চ 2019-এর মসজিদ হামলার বিষয়ে করোনিয়াল ইনকোয়ারি

ইনকোয়ারির প্রসার হিসাবে জজ মার্শালের কার্যবিবরণীর সহায়ক নথি

কার্যবিবরণীটি নিশ্চিত করছে যে 51 জনের মৃত্যুর প্রতিটির জন্য একটি করোনিয়াল ইনকোয়ারি এখন শুরু করা হয়েছে। ইনকোয়ারি শুরু করা হচ্ছে করোনার আইনের অধীনে একটি আনুষ্ঠানিক পদক্ষেপ যার অর্থ মৃত্যুর বিষয়ে আরও তদন্ত করা হবে। ইনকোয়ারির অংশ হিসাবে একটি ইঙ্কোয়েস্ট শুনানি আয়োজিত হতে পারে।

এছাড়াও, কার্যবিবরণীটি স্থির করে:

- ইতিমধ্যে যে আইনি প্রক্রিয়া সংঘটিত হয়েছে তার পটভূমি, যেমন ফৌজদারি মামলা এবং রয়্যাল কমিশন অব ইনকোয়ারি
- পরিবার এবং সংস্থাগুলো করোনিয়াল ইনকোয়ারিতে যে বিষয়গুলোতে নজর দেওয়ার জন্য বলেছে তার একটি সারাংশ
- করোনার আইনের প্রাসঙ্গিক অংশ এবং মামলার আইন যা একজন করোনারকে সিদ্ধান্ত নিতে সাহায্য করে যে করোনিয়াল ইনকোয়ারি কোন বিষয়গুলোতে নজর দিতে পারে এবং দেওয়া উচিত; এবং
- করোনিয়াল ইনকোয়ারি কোন বিষয়গুলোতে নজর দেবে তার একটি প্রাথমিক দৃশ্য।

করোনার আইন একটি করোনিয়াল ইনকোয়ারির উদ্দেশ্য স্থির করে। একটি করোনিয়াল ইনকোয়ারিতে কোন বিষয়গুলোর দিকে নজর দেওয়া উচিত সেই সিদ্ধান্ত নেওয়ার জন্য এই উদ্দেশ্যগুলো মৌলিক। প্রাসঙ্গিক উদ্দেশ্য হল:

- যাদের মৃত্যু হয়েছে তারা কারা ছিলেন, প্রত্যেক ব্যক্তির মৃত্যুর কারণ কী ছিল এবং তারা কী পরিস্থিতিতে মারা গিয়েছিলেন তা নিশ্চিত করা (যদি সম্ভব হয়); এবং
- অনুরূপ পরিস্থিতিতে ভবিষ্যতে মৃত্যুর সম্ভাবনা কমাতে মন্তব্য বা সুপারিশ করা।

করোনার সিদ্ধান্ত নিতে পারেন যে কোন বিষয়গুলোতে নজর দেওয়া উচিত। কোনও মৃত্যুর সাথে সম্পর্কিত প্রতিটি বিষয় একজন করোনারের নজর দেওয়ার বিষয় হবে না; কোনও এক পর্যায়ে একটি সীমারেখা টানতে হবে। কিছু বিষয় এমন হবে যেগুলো মৃত্যু ঘটার কারণ ছিল না বা তার প্রতি কোনও উল্লেখযোগ্য অবদান ছিল না। করোনিয়াল ইনকোয়ারির প্রসার নির্ধারণ করতে কী প্রয়োজনীয়, কাঙ্খিত এবং আনুপাতিক সে বিষয়ে একজন করোনারকে অবশ্যই সিদ্ধান্ত নিতে হবে।

করোনিয়াল ইনকোয়ারিতে নজর দেওয়ার জন্য পরামর্শ দেওয়া হয়েছে এমন অনেকগুলো বিষয় মৃত্যুর বৃহত্তর পরিস্থিতির সাথে সম্পর্কিত।

কিছু প্রস্তাবিত বিষয়গুলোতে একটি করোনিয়াল ইনকোয়ারি নজর দিতে পারবে না কারণ সেগুলো একজন করোনারের আইনি এখতিয়ারের বাইরে। এতে অন্তর্ভুক্ত রয়েছে মৃত্যু পরবর্তী বিষয়গুলোর সাথে সম্পর্কিত বিষয়গুলো।

প্রস্তাবিত অন্যান্য নির্দিষ্ট সমস্যাগুলো সংশ্লিষ্ট অনুরোধকারীকে তথ্য প্রদান করার মাধ্যমে সমাধান করা যেতে পারে। এটি এমন তথ্য হতে পারে যা ইতিমধ্যেই রয়েছে বা উত্থাপিত নির্দিষ্ট বিষয়ের সমাধান করার জন্য করোনার দ্বারা প্রাপ্ত নতুন তথ্য হতে পারে। এই নির্দিষ্ট বিষয়গুলোর জবাব হিসাবে তথ্য সংগ্রহ এবং রিলে করার কাজ চলছে। যদি এই সুনির্দিষ্ট বিষয়গুলো এইভাবে সমাধান করা সম্ভব না হয়, তাহলে সেই নির্দিষ্ট বিষয়টির আরও তদন্ত করা দরকার কিনা তা বিবেচনা করা হবে।

করোনিয়াল ইনকোয়ারিতে অন্তর্ভুক্ত করার জন্য বলা হয়েছে এমন কিছু বিষয় আছে যা রয়্যাল কমিশন অব ইনকোয়ারি ইতিমধ্যেই খতিয়ে দেখেছে। কিছু পরিবার এবং সংস্থা এই বিষয়টি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে যে তদন্তটি মূলত ব্যক্তিগতভাবে করা হয়েছিল। সেই কারণে রয়্যাল কমিশনের ফলাফলের উপর নির্ভর করা যায় কিনা তা নিয়ে উদ্বেগ রয়েছে। এটি সুপারিশ করা হয়েছে যে একই সমস্যাগুলোর কয়েকটি তাই করোনার দ্বারা আবার খতিয়ে দেখা উচিত।

কিছু প্রমাণের সংবেদনশীলতার পরিপ্রেক্ষিতে এটি স্পষ্ট নয় যে রয়্যাল কমিশন যতটা স্বচ্ছতা দিতে সক্ষম হয়েছিল তার চেয়ে একটি করোনািয়াল ইনকোয়ারি কীভাবে কার্যত আরও বেশি স্বচ্ছতা প্রদান করতে পারবে। তদন্তের অপ্রয়োজনীয় দ্বিত এড়ানোও প্রয়োজন। একজন করোনার মৃত্যুর পরিস্থিতির এমন দিকগুলো খতিয়ে না দেখার সিদ্ধান্ত নিতে পারেন যা অন্যান্য তদন্তগুলো দ্বারা পর্যাপ্তভাবে প্রতিষ্ঠিত হয়েছে। মূল প্রশ্ন হল মৃত্যুর পরিস্থিতির এমন দিক আছে কিনা যা রয়্যাল কমিশন অব ইনকোয়ারি (বা ফৌজদারি মামলা) দ্বারা পর্যাপ্তভাবে প্রতিষ্ঠিত হয়েছে। এই পর্যায়ে, এটি প্রস্তাব করা হয়েছে যে রয়্যাল কমিশন অব ইনকোয়ারি যে বিষয়গুলোতে নজর দিয়েছিল সেগুলো আবার করোনিয়াল ইনকোয়ারিতে দেখা হবে না।

প্রথম প্রতিক্রিয়ার প্রচেষ্টার সাথে সম্পর্কিত বিষয় এবং সেই প্রতিক্রিয়া কীভাবে মৃত ব্যক্তির বেঁচে থাকার সম্ভাবনাকে প্রভাবিত করে থাকতে পারে সেগুলো এমন বিষয় যা রয়্যাল কমিশন অব ইনকোয়ারি দ্বারা বিবেচিত হয়নি। এই বিষয়গুলোকে করোনিয়াল ইনকোয়ারির অংশ হিসাবে খতিয়ে দেখার প্রস্তাব করা হয়েছে।

এটি বোঝা গুরুত্বপূর্ণ যে করোনিয়াল ইনকোয়ারি শেষ পর্যন্ত কোন বিষয়গুলো খতিয়ে দেখবে সে সম্পর্কে এখনও কোনও চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয়নি। কার্যবিবরণী একটি সূচনা বিন্দু স্থির করেছে। করোনিয়াল ইনকোয়ারিতে কোন বিষয়গুলো দেখা উচিত সে সম্পর্কে পরিবার এবং সংস্থাগুলোর সাবমিশন দেওয়ার আরও সুযোগ থাকবে। ক্রাইস্টচার্চে করোনার উইন্ডলি আদালতের যে শুনানিটি করবেন সেখানে এই সাবমিশনগুলো লিখিত বা মৌখিকভাবে দেওয়া যাবে (তাদের যদি কোনও আইনজীবী থাকে তবে তার মাধ্যমে)। এই শুনানি কোনও ইঙ্কোয়েস্ট শুনানি নয়, এটি শুধুমাত্র ইনকোয়ারির প্রসারের মধ্যে থাকা সাবমিশনগুলো শোনার জন্য করা হচ্ছে। করোনিয়াল ইনকোয়ারিতে কোন বিষয়গুলো খতিয়ে দেখা হবে সে বিষয়ে করোনার উইন্ডলি তারপর চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন।

মনে রাখার মতো কিছু গুরুত্বপূর্ণ তারিখ:

- তদন্তের বিষয়গুলোর উপর যেকোনও লিখিত সাবমিশন অবশ্যই **26 নভেম্বর 2021** এর মধ্যে জমা পড়তে হবে। coronial.response@justice.govt.nz এ সাবমিশন পাঠানো যেতে পারে।
- ইনকোয়ারির বিষয়গুলোর উপর আদালতের শুনানি ক্রাইস্টচার্চে **14-15 ডিসেম্বর 2021** তারিখে অনুষ্ঠিত হবে

- যদি আগ্রহী পক্ষগুলো (বা তাদের যদি কোনও আইনজীবী থাকেন তবে তিনি) আদালতের শুনানিতে ব্যক্তিগতভাবে সাবমিশন দিতে চান, তাহলে তাদের অবশ্যই **26 নভেম্বর 2021** এর মধ্যে আমাদের জানাতে হবে যাতে ব্যবস্থা করা যায়। coronial.response@justice.govt.nz এ ইমেইল পাঠিয়ে এটি জানানো যেতে পারে